# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মহিলার সাজ-সজ্জা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

বক্ষঃস্থল

নারীর প্রকৃত সৌন্দর্য গোপন থাকে তার বুকের মাঝে। সেহেতু বক্ষঃস্থল তার একান্ত গোপনীয় অঙ্গ। লেবাসের ভিতরেও এ অঙ্গ আকর্ষণীয় (উঁচু) করে রাখা বোরকা-ওয়ালীদের জন্যও বৈধ নয়।

কেবল স্বামীর দৃষ্টি আকর্ষণের জন্য ব্রা ব্যবহার বৈধ। অন্যের জন্য ধোকার উদ্দেশ্যে তা অবৈধ।[1]

বক্ষের ভিতরে আছে হৃদয়। এই হৃদয় হল মানুষের মূল। হৃদয় ভালো হলে, তার সব ভালো। নচেৎ তা খারাপ হলে সব খারাপ।

উল্লেখ্য যে, বাহ্যিক দেহে সৌন্দর্য আনার আগে হৃদয়-মনে সৌন্দর্য আনতে হবে। দেহের সৌন্দর্য নিবেদন করার সাথে সাথে হৃদয়ের সৌন্দর্যও নিবেদন করতে হবে স্বামীকে। তবেই হবে সৌন্দর্যের প্রকৃত মূল্যায়ন।

আসলে আত্মার সৌন্দর্য মানুষকে পরিপূর্ণতা দান করে। আর সত্যিকারের সৌন্দর্য মনের চোখ দিয়েই দেখা যায়।

## ফুটনোট

[1]. ফাতাওয়াল মারআতিল মুসলিমাহ ১/৪৭০

Source — https://www.hadithbd.com/books/link/?id=7883

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন